

## আকাঞ্চ্ছা অবসরে

পুরোনো অনেক কথা  
বহু স'য়ে আসা ব্যথা  
কিম্বা কতো উৎসবের আনন্দের রেশ  
দূর থেকে ভেসে আসে ক্লান্ত অবসরে-  
বেলায়-অবেলায়, প্রভাতে বা সন্ধ্যায়, যেকোন প্রহরে।

জীবনের পথে ফেলে আসা ছোট ছোট কতো কথা  
ভুলে যাওয়া স্মৃতির অসংযোগের অসংখ্য ব্যথা-  
নেক্ষমে মনে পড়ে অকারণে  
টুকরো টুকরো আবরণে  
ব'য়ে যাওয়া সময়ের আচ্ছাদনে।

কিছু বিজয়ের গৌরব  
অপূর্ণতার বেদনায় ঢাকা পড়ে গেছে।  
কমইন জীবনে এখন স্মৃতিই সরব-  
অপারগতার অন্ধকারে  
কৃতিত্ব ঝাল্লা হয়ে গেছে।

তথাপি মোহ আছে বেঁচে, প্রতিষ্ঠার গৌরব-  
বিজয়ের বাসনা কাটেনি এখনো, আকাঞ্চ্ছা সজীব  
শরীরের জরাব্যাধি অটুহাস্যে সদা ব্যঙ্গ করে!  
অবসরেও নিষ্ঠার নেই, কল্পনা জাল বোনে-  
কর্মকাণ্ডে লিপ্ত হই, ব্যস্ত হই আকারণে, মনে মনে!